



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

প্রধান শিক্ষকের কার্যালয়

ধানমণ্ডি গভঃ বয়েজ হাই স্কুল ঢাকা-১২০৭

কেন্দ্র: ঢাকা-১১, কেন্দ্র কোড: ১১০, থানা কোড: ১২৪

ইআইআইএন-১০৭৯৬০, ফোন: ০২-৫৮১৫৫৮৭১, ইমেইল: dhanmondi.boys@gmail.com



স্মারক নং:

তারিখ: ২৯.১২.২০২২

২০২৩ শিক্ষাবর্ষে ভর্তির জন্য সহোদর হিসেবে আবেদকারী শিক্ষার্থীদের জন্য নোটিশ

অত্র বিদ্যালয়ে পূর্ব থেকে অধ্যয়নরত শিক্ষার্থীর সহোদর এবং যমজ ভাইয়ের ভর্তির জন্য যারা আবেদনপত্র জমা দিয়েছেন, তাদেরকে জানানো যাচ্ছে যে, কাগজপত্রের মূলকপি নিয়ে ভর্তিচ্ছু প্রার্থী ও তার সহোদর/যমজ ভাইসহ ০৩/০১/২০২৩ তারিখ সকাল ১০:৩০টায় বিদ্যালয় মিলনায়তনে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। পূর্ব থেকে অধ্যয়নরত সহোদরকে স্কুল ইউনিফর্ম পরে আইডি কার্ড সঙ্গে আনতে হবে।

যারা এখনো আবেদন করেননি তাদেরকে উক্ত তারিখে নির্ধারিত সময়ে আবেদনপত্রের সাথে সত্যায়িত ফটোকপি ও মূলকপিসহ ভর্তিচ্ছু প্রার্থী ও সহোদর/যমজ ভাইসহ উপস্থিত থাকার অনুরোধ করা হলো।

আবেদনের সাথে যে সমস্ত কাগজপত্র থাকতে হবে-

- প্রতিষ্ঠানে পূর্ব থেকে অধ্যয়নরত সহোদর বা যমজ ভাই এর বিষয়ে প্রতিষ্ঠান প্রধান কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্রে পিতা-মাতার নাম, জন্ম তারিখ, অধ্যয়নরত শ্রেণি, শিক্ষার্থীর আইডি নম্বর উল্লেখ থাকতে হবে;
- আবেদনের সাথে ভর্তিচ্ছু শিক্ষার্থীর জন্ম সনদের সত্যায়িত কপি, জন্ম সনদের অনলাইন কপি, পিতা-মাতার জন্ম সনদ/জাতীয় পরিচয়পত্র সকল মূল কপির সাথে মিলিয়ে দেখার জন্য সাথে নিয়ে আসবেন।
- পিতা/মাতা কর্তৃক সহোদর বা যমজ ভাই এর বিষয়ে একটি লিখিত অঙ্গীকারনামা থাকতে হবে;
- এ ধরনের আবেদন শুধু কোন দম্পতির সর্বোচ্চ ০২ (দুই) সন্তানের ক্ষেত্রে প্রযোজ্য হবে;

বিঃদ্র:- অনেকের আবেদনের সাথে অঙ্গীকারনামা, ভর্তিচ্ছু প্রার্থীর জন্ম নিবন্ধনের অনলাইন কপি ও প্রতিষ্ঠান প্রধানের প্রত্যয়নপত্র জমা নাই। নির্ধারিত তারিখে সাক্ষাৎকারের সময় তা জমা দিতে হবে। তবে প্রতিষ্ঠান প্রধানের প্রত্যয়নপত্র, যাচাই সাপেক্ষে উক্ত তারিখে প্রদান করা হবে।

২৯.১২.২২

(সাবিনা ইয়াসমিন)
প্রধান শিক্ষক

ধানমণ্ডি গভঃ বয়েজ হাই স্কুল
ঢাকা-১২০৭